

## শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রিপ্যারেটরি

বিষয় :- নীতিগল্প (খরগোশ ও কাছিম ৪, ৭পাতা)

১) দু এক কথায় উত্তর দাও :

ক) কাছিম কোথায় থাকতো?

উঃ ডোবায়

খ) গর্তের ভিতরে কে থাকতো?

উঃ খরগোশ

গ) খরগোশ ও কাছিমের মধ্যে কিসের প্রতিযোগিতা হয়েছিল?

উঃ হাঁটার

ঘ) খরগোশটি কোথায় ঘুমিয়ে পড়েছিল?

উঃ গাছের নিচে

২) একটি বাক্যে উত্তর দাও :

ক) হাঁটার প্রতিযোগিতা করার কথা কে বলেছিল?

উঃ হাঁটার প্রতিযোগিতা করার কথা কাছিম খরগোশকে বলেছিল.

খ) প্রতিযোগিতায় হাঁটার জন্য কতটা দূরত্ব ঠিক হয়েছিল?

উঃ প্রতিযোগিতায় হাঁটার জন্য বন থেকে বুড়ো বটগাছ পর্যন্ত দূরত্ব ঠিক হয়েছিল.

৩) সঠিক উত্তর বেছে লেখ:

ক) (কাছিম /খরগোশ) জোরে হাঁটতো.

উঃ খরগোশ

খ) প্রতিযোগিতায় কাছিম (জয়ী /পরাজিত )হয়েছিল.

উঃ জয়ী

4) পূর্ণবাক্যে উত্তর দাও :

ক) খরগোশ কেন কাছিমকে নিয়ে ঠাট্টা করতো?

উঃ কাছিমের চলার গতি ছিল অতি ধীর. কিন্তু খরগোশ খুব দ্রুত গতিতে চলতো. তাই সে কাছিমকে নিয়ে ঠাট্টা করতো.

খ) কাছিম কেন প্রতিযোগিতায় জিতে গিয়েছিলো?

উঃ ধীরে চললেও কাছিম খরগোশের মতো কোনো জায়গায় থামেনি. তাই সে প্রতিযোগিতায় জিতে গিয়েছিলো.

খ) খরগোশ কেন প্রতিযোগিতায় হেরে গিয়েছিলো?

উঃ জোরে চললেও খরগোশ যেহেতু প্রতিযোগিতা চলাকালীন ঘুমিয়ে পড়েছিল তাই কাছিম তার আগেই সঠিক ঠিকানায় পৌঁছে গিয়েছিলো. তাই খরগোশ হেরে গিয়েছিলো.

গ) গল্পটি পড়ে কী শিখলে?

উঃ ধীর হলেও যে দৃঢ় হয়, সে যেকোনো প্রতিযোগিতায় জিতে যায়.

বই ভালোভাবে রিডিং পড়বে.

বানানগুলো ভালোভাবে করবে.

**বিঃদ্রঃ**

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।

SRF